



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস
পাবনা
cooperative.pabna.gov.bd

তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি	সোলাইমান বেগ
	জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি, তথ্য অধিকার কর্মপরিকল্পনা।
সভার তারিখ	: ২২ ফেব্রুয়ারি ২০২৪
সভার সময়	: সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	: জেলা সমবায় কার্যালয়, পাবনা।
উপস্থিতি	: ০৩(তিন)জন।

তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির উপস্থিতি: পরিশিষ্ট-“ক”

অধ্যকার সভায় সভাপতি তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের কার্যালয়ের স্মারক নম্বর- ৪০.৬১.০০০০.২৪২.১৮.০০৪.১৩.৭, তারিখ: ২৯/১০/২০২০ খ্রি. তারিখের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নে তথ্য অধিকার কমিটি, জেলা সমবায় কার্যালয়, পাবনা কর্তৃক আলোচ্যসূচি মোতাবেক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র.ন.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	<p>১.১ তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি:</p> <p>তথ্য অধিকার কর্মপরিকল্পনা সভার সদস্য সচিব জনাব কল্লোল চন্দ্র বসাক সভাকে জানান যে, প্রতি ত্রৈমাসে একটি করে তথ্য অধিকার কমিটির সভার অনুষ্ঠান করে পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। ২০২৩-২৪ সনের এপিএ চুক্তিতে প্রতি কোয়ার্টারে/ত্রৈমাসে হালনাগাদকরণের চুক্তি সম্পাদন করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে।</p> <p>২। প্রতি ত্রৈমাসে ১টি করে তথ্য অধিকার সভা যথারীতি আয়োজন করতে হবে এবং কার্যবিবরণীর আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p>	তথ্য অধিকার কমিটি।
		<p>২.১ বার্ষিক প্রতিবেদন প্রকাশ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সভাপতি অর্থ বছর শেষ হলে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে বলে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে আলোচনা করা হয়।</p>	<p>১। গত ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে</p> <p>২। জেলা সমবায় কার্যালয়, পাবনা'র ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে।</p>	তথ্য অধিকার কমিটি।

০২	সক্ষমতা বৃদ্ধি	২.২ তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ: তথ্য অধিকার কর্মপরিকল্পনা কমিটির সদস্য সচিব প্রধান জনাব কল্লোল চন্দ্র বসাক সভাকে জানান যে, ৩য় কোয়ার্টারের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে প্রচার কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় গুরুত্ব সহকারে আলোচনা করা হয়।	১। তথ্য অধিকার আইন ও বিধি বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের লক্ষ্যে জনসাধারণের মধ্যে এ সংক্রান্ত লিফলেট বিতরণ করতে হবে। ২। প্রতি ত্রৈমাসে তথ্য অধিকার কমিটির সভার আয়োজন করতে হবে।	তথ্য অধিকার কমিটি।
----	----------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	--------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৫-০২-২০২৪

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি, তথ্য অধিকার
কর্মপরিকল্পনা।

০২৫৮৮৮৪৬১৮২

dco.pabna@coop.gov.bd

১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ


তারিখ:

২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.৪৫.০০১.২৩.৩১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব কল্লোল চন্দ্র বসাক, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা;
- ২। জনাব এ. কে. এম নুরুজ্জামান, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা;
- ৩। জনাব এস. এ. আওয়াল, পরিদর্শক, জেলা সমবায় অফিস, পাবনা এবং
- ৪। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, জেলা সমবায় অফিস, পাবনা (তাকে পত্রটি যথাসময়ে জেলা সমবায় কার্যালয়, পাবনা'র ওয়েবপোর্টালে আপলোড করার জন্য বলা হলো)।

২৫-০২-২০২৪

সোলাইমান বেগ

জেলা সমবায় কর্মকর্তা ও সভাপতি, তথ্য অধিকার
কর্মপরিকল্পনা।